

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০১.১১.০০৩৫.২৬ - ৬৫৮ তারিখঃ ১৮আগস্ট, ২০২৬

বিষয়: ইরেসপো কর্মসূচির শূন্যপদে জনবল নিয়োগ কার্যক্রম বাস্তবায়ন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি এর আওতায় বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য হতে বেতন ভাতাদি পরিশোধের শর্তে নিম্নবর্ণিত পদসমূহ নিম্নোক্ত নির্দেশনা অনুসরনে জনবল নিয়োগসহ প্যানেল প্রণয়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্র: নং | বিভাগের/জেলার নাম | শূন্য পদ (টি) | | | মোট |
|---|---|---|---|---|---|
| | | এআরডিও | হিসাব সহকারী | মাঠ সংগঠক | |
| ১ | বরিশাল | ৪ | ৪ | ১৩ | ২১ |
| ২ | খুলনা | ৪ | ১ | ৯ | ১৪ |
| ৩ | নোয়াখালী (সদর উপজেলা ও এনআরডিটিসি) | ০ | ২ | ১ | ৩ |
| | সর্বমোট | ৮ | ৭ | ২৩ | ৩৮ |

নির্দেশনাসমূহ :

১. কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত খসড়া পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদন ফরম (সংযুক্তি-১ ও ২) বিআরডিবি ও কর্মসূচির ওয়েবসাইটে এবং খসড়া সংক্ষিপ্ত নিয়োগ বিজ্ঞপ্তি (সংযুক্তি-৩) ন্যূনতম ০১ মাসের সময় দিয়ে পত্রিকায় প্রকাশ করতে হবে;
২. খুলনা ও বরিশাল বিভাগের নিয়োগের ক্ষেত্রে ২টি জাতীয় বাংলা পত্রিকায় এবং নোয়াখালী সদর উপজেলার ক্ষেত্রে ২টি স্থানীয় বাংলা পত্রিকায় ১ দিনের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত আকারে প্রকাশ করতে হবে;
৩. নিয়োগ কমিটি কর্তৃক পদ ভিত্তিক প্রাপ্ত আবেদন বাছাই, লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু, লিখিত পরীক্ষার তারিখ ও ভেন্যু নির্ধারণ, প্রশ্নপত্র প্রণয়ন ও পরীক্ষা গ্রহণ করতে হবে;
৪. লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নপূর্বক মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য সুপারিশপ্রাপ্তদের তালিকা প্রস্তুতপূর্বক বিআরডিবি ও কর্মসূচির ওয়েবসাইট এবং সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে;
৫. মৌখিক পরীক্ষা গ্রহনপূর্বক শূন্য পদে নিয়োগের জন্য চূড়ান্ত মেধা তালিকা ও প্যানেল প্রস্তুত করে কর্মসূচি সদর দপ্তরে প্রেরণ করতে হবে;
৬. বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য হতে বেতন-ভাতা পরিশোধের বিষয়টি মৌখিক পরীক্ষা গ্রহনকালে প্রার্থীদের সুস্পষ্টভাবে অবহিত করতে হবে;
৭. লিখিত পরীক্ষার (নৈর্ব্যক্তিক প্রশ্ন)) নম্বর-৮০, মৌখিক-১০ এবং কম্পিউটার ব্যবহারিক-১০ নির্ধারণ। তবে মাঠ সংগঠক পদের জন্য ব্যবহারিক পরিক্ষা প্রযোজ্য নয় বিধায় তাদের জন্য লিখিত-৯০ এবং মৌখিক পরীক্ষার নম্বর-১০ নির্ধারিত থাকবে;
৮. পদ ভিত্তিক পৃথক প্রশ্নপত্র প্রনয়ন এবং একই দিনে ৩টি পদে লিখিত পরীক্ষা গ্রহন করতে হবে;
৯. ১:৫ অনুপাতে পদভিত্তিক নিয়োগ প্যানেল প্রস্তুত করতে হবে;
১০. নিয়োগ সংশ্লিষ্ট কাজের সম্মানী/পারিতোষিক অর্থ বিভাগের সর্বশেষ পরিপত্র অনুসরণযোগ্য হবে;
১১. নিয়োগ সংক্রান্ত ব্যাংক হিসাব খুলনা ও বরিশাল বিভাগীয় দপ্তরের যুগ্মপরিচালক ও উপপরিচালক এর যৌথ স্বাক্ষরে এবং নোয়াখালী সদর উপজেলার নিয়োগের জন্য জেলার উপপরিচালক ও সদর উপজেলার ইউআরডিও এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে;

সংযুক্ত: বর্ণনা মোতাবেক

১৮/০৮/২৬
মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

১। যুগ্মপরিচালক, বিআরডিবি, বিভাগীয় কার্যালয় (খুলনা/বরিশাল)
২। উপপরিচালক, বিআরডিবি, নোয়াখালী

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০১.১১.০০৩৫.২৬ - ৩৫৮

তারিখঃ ১৮আগস্ট, ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা/বরিশাল
২. উপপরিচালক (প্রোগ্রামিং),বিআরডিবি, ঢাকা (পত্রটি বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. উপপরিচালক, বিআরডিবি, প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা
৪. উপপরিচালক, এনআরডিটিসি, বিআরডিবি, নোয়াখালী
৫. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (পত্রটি প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. পরিচালক (সরেজমিন/প্রশাসন/পরিকল্পনা/প্রশিক্ষণ/অর্থ) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৯. অফিস নথি।

১৮/৮/২৬

এ এস এম সোলায়মান
উপ প্রকল্প পরিচালক